



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১-৭৭৩

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।
২৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন ০২নং বারুহাস ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ইলিয়াস আলীর বিরুদ্ধে মৃত ব্যক্তিকে জীবিত দেখিয়ে ০১ (এক) বছরের ভাতার টাকা উত্তোলন পূর্বক আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর (৩৪) (৪) (ঘ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন ০২নং বারুহাস ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ইলিয়াস আলীর বিরুদ্ধে মৃত ব্যক্তিকে জীবিত দেখিয়ে ০১ (এক) বছরের ভাতার টাকা উত্তোলন পূর্বক আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে বিধায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন ০২নং বারুহাস ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ইলিয়াস আলী কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২১-৭৭৩


তারিখ: ১১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।
২৬ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোঃ ইলিয়াস আলী, সদস্য, ০৭ নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০২নং বারুহাস ইউনিয়ন পরিষদ, তাড়াশ, সিরাজগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব